

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ ডিসেম্বর ২০২১ খ্রি.

ইউসেপ'র প্রশিক্ষণপ্রাপ্তদের সনদবিতরণ অনুষ্ঠানে মেয়র শ্রমনির্ভর অর্থনীতিকে মেধা নির্ভর অর্থনীতির দিকে দেশকে এগিয়ে নিতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, প্রযুক্তির চরম উৎকর্ষতা বিশেষভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সর্বক্ষেত্রেই খুলে দিয়েছে অপর সম্ভাবনার দ্বার। কম্পিউটার সম্পর্কে জ্ঞান আর সৃজনশীল কিছু করার তীব্র আকাঙ্ক্ষাই পারে একজন গ্রাফিক্স ডিজাইনার ও ই-কমার্স উদ্যোক্তা হিসেবে নিজের প্লব বাস্তবায়ন এবং সাবলম্বী হওয়ার সহজ উপায়। দক্ষ মানব সম্পদ একটি দেশের উন্নয়নের চালিকা শক্তি। ডিজিটাল বাংলাদেশ রূপান্তরের ফলে শিক্ষার্থী থেকে শুরু করে সব বয়সের নারী-পুরুষই ঘরে বসে কাজ করতে পারছে। করোনা মহামারিতে সময় নষ্ট না করে সরকারের লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় অনলাইন প্রশিক্ষণ নিয়ে অনেকেই উপার্জন করার সক্ষমতা অর্জন করেছেন। বাংলাদেশে প্রায় ৫০লক্ষ মানুষ ফ্রিল্যান্সিং পেশার সঙ্গে সংযুক্ত। তথ্য প্রযুক্তি খাতে কর্মসংস্থান সৃষ্টিতে দেশ দ্রুত এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, শ্রমনির্ভর অর্থনীতি থেকে মেধা ও প্রযুক্তি নির্ভর অর্থনীতির দিকে দেশকে এগিয়ে নিতে ফ্রিল্যান্সাররা আমাদের মূল কারিগর। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ এবং বঙ্গবন্ধুর দৌহিত্র সজীব ওয়াজেদ জয়'র অক্লান্ত পরিশ্রমে দেশকে ডিজিটাল বাংলাদেশে পরিণত করার ফলেই আজকে আমরা এই সুবিধা ভোগ করছি। আজ বৃহস্পতিবার সকালে মোহরা ইউসেপ কার্যালয়ে গ্রাফিক্স ডিজাইন ও ই-কমার্স প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন।

ইউসেপ'র আঞ্চলিক ব্যবস্থাপক প্রকৌশলী জয় প্রকাশ বড়ুয়ার সভাপতিত্বে ও সিনিয়র অফিসার আকরাম হোসেন সবুজের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান আব্দুস সালাম, কাউন্সিলর কাজী নুরুল আমিন মামুন। এতে আরো বক্তব্য রাখেন ইউসেপ কালুরঘাট শিল্পাঞ্চলের আতাউর রহমান, লোকপ্রিয় বড়ুয়া ও প্রশিক্ষণার্থীদের পক্ষে প্রকৃতি চক্রবর্তী, শ্রাবন্তী নাথ প্রমুখ।

মেয়র আরো বলেন, ফ্রিল্যান্সিং নারীদের জন্য অনেক সুবিধাজনক। আমাদের আর্থ-সামাজিক অবস্থায় নারী বাহিরে চাকরি করতে অনেক সমস্যা। সে হিসেবে ঘরে বসেই একজন নারী ই-কমার্সের মাধ্যমে অর্থ উপার্জন করে পরিবারকে সহায়তা করতে পারে। সেটা তার ভেতর অন্যরকম অনুভূতির সৃষ্টি করে। আমাদের দেশে বর্তমানে ৮০শতাংশ লোক ই-কমার্সের মাধ্যমে ব্যবসা পরিচালনা করছেন। ই-কমার্স মূলত নির্ভর করে প্লাটফর্ম এবং গুয়েবসাইট কতটুকু সুসজ্জিত তার উপর। সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো সবকিছু ঠিক থাকলেও পণ্যের গুণগত মান ও ক্রেতার কাছে সঠিক সময়ে প্রোডাক্ট পৌঁছানো। তাহলেই প্রতিযোগিতার বাজারে ঠিকে থাকা সম্ভব হবে। মনে রাখতে হবে অর্থনীতিভাবে ব্যবসা করার মানে এই নয় যে ভোক্তা বা ক্রেতাকে তার ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করা। তাই সবাইকে এ ব্যাপারে তথ্য প্রযুক্তির নীতিমালা মেনে চলতে হবে। তিনি প্রশিক্ষণার্থীদের অর্জিত জ্ঞানকে কাজে লাগিয়ে ব্যবসা পরিচালনার মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে ভূমিকার রাখার আহ্বান জানান।

বিশেষ অতিথির বক্তব্যে সিডিএর সাবেক চেয়ারম্যান প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের বলেন, আজকের এ প্রাতিষ্ঠানিক স্বীকৃতি তোমাদের জীবনে অধিকতর সাফল্য বয়ে আনতে এবং কর্মময় জীবন বিকাশে নিয়ামক শক্তি হিসেবে কাজ করবে। অনুষ্ঠান শেষে মেয়র প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে দেন।

চসিকে নির্যাতন থেকে শিশুদের সুরক্ষা প্রকল্প নিয়ে কর্মশালা

সেভ দ্যা চিলড্রেন ইন্টারন্যাশনাল ইন বাংলাদেশের সহায়তায় বে-সরকারি উন্নয়ন সংস্থা মমতার বাস্তবায়নাধীন নির্যাতন থেকে শিশুদের সুরক্ষা প্রকল্প'র অর্জন ও ভবিষ্যত প্রেক্ষিতে পর্যালোচনা বিষয়ক কর্মশালা আজ বৃহস্পতিবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। প্রকল্পটি চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় চলমান আছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব) মোহাম্মদ শহীদুল আলম। মমতার উপ-প্রধান নির্বাহী মো. ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্যানেল মেয়র আফরোজা কালাম। আগত বক্তব্য রাখেন মমতার সিনিয়র পরিচালক প্লা তালুকদার।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কাউন্সিলর নাজমুল হক ডিউক, সংরক্ষিত কাউন্সিলর তছলিমা নূরজাহান রুবি, হুরে আরা বেগম, জেসমিন পারভীন জেসি, সমাজ ভিত্তিক শিশু সুরক্ষা কমিটির সদস্য মো. ইব্রাহিম ফরায়েজী, ১৩নং শিশু সুরক্ষা কমিটির সদস্য মো. মাস্টানুদ্দিন, টাইগারপাস বহুমুখি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোজাম্মেল হক, আবুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মো. ইকবাল, মমতার পরিচালক সুরত বড়ুয়া প্রমুখ।

প্রধান অতিথিরা বক্তব্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। ভবিষ্যত প্রজন্মকে মানবীয় গুণাবলী সম্পন্ন করে তুলতে এবং নির্যাতনমুক্ত পরিবেশ সৃষ্টিতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি মমতার শিশু নির্যাতন রোধে কার্যক্রমের প্রশংসা করে তাদেরকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় সাধন করে কাজ করার পরামর্শ দেন।

চসিকের রোড মেইনটেন্যান্স কার্যক্রমের উদ্বোধন রোববার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন রোড মেইনটেন্যান্স ট্রাকের কার্যক্রমের উদ্বোধন হবে ২৬ডিসেম্বর রোববার সকাল সাড়ে দশটায়। নগরীর সি.আর.বি এলাকায় উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানানো যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩